18 APR 2016

কালের কণ্ঠ

টিউশন ফি নির্ধারণ

# স্কুল কর্তৃপক্ষের সঙ্গে বসবে শিক্ষা মন্ত্রণালয়

নিজস্ব প্রতিবেদক ▷

নতুন করে টিউশন ফি নির্ধারণে রাজধানীর বড় বড় শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও পরিচালনা কমিটির সভাপতির সঙ্গে বৈঠকের সিদ্ধান্ত নিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। ২৪ এপ্রিল এ বিষয়ে মন্ত্রণালয়ে সভা ডাকা হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা (মাউশি) অধিদপ্তরের তদন্তে অতিরিক্ত ফি নেওয়া ১৩টিসহ মোট ২০টি প্রতিষ্ঠানকে চিঠির মাধ্যমে ওই সভায় ডাকা হবে।

শিক্ষা মন্ত্রণালয়ের বিদ্যালয় শাখার উপসচিব সালমা জাহান জানান, দেশের সব শিক্ষাপ্রতিষ্ঠানের টিউশন ফি নির্ধারণে ২৪ এপ্রিল প্রায় ২০টি প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক ও পরিচালনা কমিটির সভাপতিকে চিঠি দিয়ে ডাকা হচ্ছে। তাঁদের নিয়ে সভা করে বিষয়টি নির্ধারণ করা হবে। এরপর নির্ধারিত ফির বাইরে কেউ আর মাসিক বেতন বাড়াতে পারবে না।

জানা যায়, যেসব প্রতিষ্ঠান এখনো অতিরিক্ত টিউশন ফি ফেরত বা সমন্বয় করেনি ২৪ এপ্রিলের সভায় তাদের ব্যাপারেও করণীয় নির্ধারণ করা হবে।

চলতি শিক্ষাবর্ষে বেশির ভাগ শিক্ষাপ্রতিষ্ঠান হঠাৎ টিউশন ফি দ্বিগুণ করে দেয়। এতে অভিভাবকরা আন্দোলনে নামেন।